# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 03-10-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধন কর্মসূচী বা এস আই আর-এর প্রস্তুতি খতিয়ে দেখতে আগামী মঙ্গলবার নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল রাজ্যে আসছে।

২) ঝাড়খণ্ডের উচ্চ অববাহিকায় প্রবল বৃষ্টির জেরে  দামোদর উপত্যকা নিগম ডিভিসি, রাজ্যকে না জানিয়ে  মাইথন ও পাঞ্চেত বাঁধ থেকে জল ছাড়া শুরু করেছে বলে মুখ্যমন্ত্রী যে অভিযোগ করেছেন, ডিভিসি কর্তৃপক্ষ তা অস্বীকার করেছে।

৩) বিজয়া দশমীর পর আজ একাদশীতেও রাজ্যজুড়ে চলছে দুর্গা প্রতিমা নিরঞ্জন পর্ব।

এদিকে, দুর্গাপুজোর কার্নিভালের দিন একটি অসরকারী সংগঠনকে মিছিল এবং সমাবেশের অনুমতি হাইকোর্টের।

৪) প্রাথমিকে ১৩ হাজার ৪২১-টি শূন্যপদে নিয়োগ প্রক্রিয়ায় অংশ নিতে চেয়ে হাইকোর্টের দ্বারস্থ ২০১৭-র ও ২০২২ সালের টেট অনূত্তীর্ণ কয়েকশো প্রার্থী।

৫) বঙ্গোপোসাগরে সৃষ্ট অতি গভীর নিম্নচাপটি ক্রমশ শক্তি হারিয়ে গভীর নিম্নচাপে পরিণত হয়েছে।

oooooooooooooooooooooo

রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী বা এসআই আর এর প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল রাজ্যে আসছে। আগামী মঙ্গলবার ৭ অক্টোবর, উপ নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে ওই দলটি রাজ্যে পৌঁছবে বলে কমিশন সূত্রে জানা গিয়েছে। এরপরে দুদিনের রাজ্য সফরকালে প্রতিনিধিদল সব জেলা শাসকদের সঙ্গে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে বৈঠক করবেন। পাশাপাশি কয়েকটি জেলা সফর করে সরেজমিনে ভোটার তালিকায় সংশোধনের যাবতীয় প্রস্তুতি খতিয়ে দেখবেন তাঁরা। ৯ তারিখে প্রতিনিধি দলের দিল্লি ফিরে যাওয়ার কথা।

এই সফরের পরেই এ রাজ্যসহ গোটা দেশে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর বিজ্ঞপ্তি জারি হতে পারে।

oooooooooooooooooooooo

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে বিজেপির দুই নির্বাচনী পর্যবেক্ষক - কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব এবং সাংসদ বিপ্লব দেব আজ কলকাতায় আসেন। বিমানবন্দরে তাদের স্বাগত জানান দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য।

এরপর সল্টলেকে বিজেপি কার্যালয়ে তারা বৈঠক করেন। বিধানসভা নির্বাচনে দলের বিভিন্ন কর্মসূচি নিয়ে এই বৈঠকে আলোচনা হয় বলে দলীয় সূত্রে জানা গেছে ।

oooooooooooooooooooooo

ঝাড়খণ্ডের উচ্চ অববাহিকায় প্রবল বৃষ্টির জেরে দামোদর উপত্যকা নিগম ডিভিসি, রাজ্যকে না জানিয়ে মাইথন ও পাঞ্চেত বাঁধ থেকে জল ছাড়া শুরু করেছে বলে মুখ্যমন্ত্রী যে অভিযোগ করেছে, ডিভিসি কর্তৃপক্ষ তা অস্বীকার করেছে। তারা জানিয়েছেন, রাজ্য সরকারের প্রতিনিধিদের উপস্থিতিতেই বাঁধ রক্ষায় জল ছাড়ার

সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ডিভিসি জানিয়েছে সকাল সাড়ে ৯-টা পর্যন্ত তাদের মাইথন ও পাঞ্চেত জলাধার থেকে  ৭০ হাজার কিউসেক জল ছাড়া হয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন, ডিভিসির এই জল ছাড়ার ফলে দক্ষিণবঙ্গের একাধিক জেলায় প্লাবনের আশঙ্কা দেখা দিয়েছে। তিনি এটিকে রাজ্যের বিরুদ্ধে ষড়যন্ত্র বলে অভিযোগ করেছেন। ডিভিসির জল ছাড়া এবং উত্তরবঙ্গের জেলাগুলিতে প্রবল বৃষ্টির পূর্বাভাষ থাকায় রাজ্য সরকার জেলাগুলিকে সতর্ক করে দিয়েছে। মুখ্য সচিব মনোজ পন্থ আজ বিভিন্ন জেলাশাসকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করে তাদের পর্যাপ্ত ত্রাণ মজুত রাখা ও বিপর্যয় মোকাবিলা বাহিনীকে প্রস্তুত রাখার জন্য নির্দেশ দিয়েছেন।

এদিকে, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মুখ্যমন্ত্রীর অভিযোগকে অর্থহীন বলে মন্তব্য করেছেন।

(বাইট – সুকান্ত)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে প্রবল  বৃষ্টির জেরে দুর্গাপুর ব্যারাজে প্রায় ৭০ হাজার কিউসেক  জল ছাড়া হয়েছে। এই জল ছাড়ার পরিমান  আরও বাড়তে পারে বলে সেচ দপ্তর সূত্রে জানা গিয়েছে।

এছাড়া মাইথন জলাধার থেকে ৪২ হাজার ৫০০  কিউসেক এবং পাঞ্চেত জলাধার থেকে ২৩ হাজার কিউসেক  জল ছাড়া হচ্ছে। দূর্গাপুর ব্যারাজ থেকে নিম্ন দামোদর এলাকায় জারি রয়েছে হলুদ সতর্কতা ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজয়া দশমীর পর আজ একাদশীতেও গঙ্গার ঘাট গুলিতে চলছে প্রতিমা নিরঞ্জন।

বাবুঘাট, বাজে কদমতলা ঘাট , দই ঘাট, বিচালী ঘাট, জাজে স ঘাট, বাগবাজার ঘাট সহ কলকাতার গঙ্গার ঘাট গুলিতে নিরঞ্জন পর্ব সম্পন্ন হচ্ছে।

তবে কলকাতার  পুরষ্কার প্রাপ্ত নামী পুজো গুলোর নিরঞ্জন সম্পন্ন হবে আগামী রবিবার দুর্গা কার্নিভালের পর।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

কলকাতার পাশাপাশি জেলাগুলিতেও  পুজোর প্রতিমা নিরঞ্জনও সম্পন্ন হচ্ছে বিভিন্ন নদ-নদী ও জলাশয়ে। ঘাটগুলিতে পুলিশি নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে

oooooooooooooooooooooooo

দুর্গাপুজা শেষ হতেই জলপাইগুড়ি জেলায় একাদশীর দিন  শুরু হয়েছে লোকায়ত দেবী ভান্ডানির পূজা। মূলত স্থানীয় রাজবংশী কৃষক সম্প্রদায়ের মানুষজন এই পূজা করেন। জেলার বিভিন্ন স্থানে এই পূজা  হয়।  মাল ব্লকের ক্রান্তির চেকেন্দা ভান্ডানির পূজাতে  দেবী পুরুষবেশী।হেলাপাকরি তেও এই দেবী পূজিতা হন।

কথিত আছে বিসর্জনের পর দেবী যখন কৈলাসে ফিরে যাচ্ছেন সেসময় ময়নাগুড়ির বার্নিশের কৃষকরা দেবীর আরাধনা করে  তাদের পূজা নিতে অনুরোধ করেন। এলাকায়  অজন্মা  ও প্রবল খরায় কৃষকদের ঘরে ফসল না হওয়ার দরিদ্র চাষীরা মাকে কৈলাসে যেতে বাধা দেন  । কৃষকরা দেবীর কাছে আরাধনা করেন তাদের কাছে দেবী  ভান্ডানি রুপে  পূজা নিয়ে  শস্যগোলা যেন ভরে দেন দেবী।  কৃষকদের আরাধনায় সাড়া দিয়ে  দেবী ভান্ডানি রুপে পূজা গ্রহণ করেন একাদশীর দিনে। দ্বি- ভূজা এই দেবীর বাহন ব্যাঘ্র। এখানে ভান্ডানি মায়ের সঙ্গে চার সন্তান লক্ষী,সরস্বতী,  গণেশ,কার্তিক, রয়েছে। একদিনের এই পূজাকে কেন্দ্র করে আজ মেলাও  বসে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা হাইকোর্ট গত ২৩-শে সেপ্টেম্বর প্রবল বর্ষণজনিত কারণে ১২ জনের মৃত্যুর ঘটনার প্রতিবাদে রবিবার রেড রোডে দুর্গাপুজোর কার্নিভালের দিন 'খোলা হাওয়া' সংগঠনকে মিছিল এবং ডোরিনা ক্রসিং-এ সমাবেশের অনুমতি দিয়েছে।

বিচারপতি বিশ্বরূপ চৌধুরী আজ এই অনুমতি দিয়ে বলেছেন, ৫-ই অক্টোবর দুর্গাপুজোর কার্নিভাল থাকলেও ১২ জনের মৃত্যু অত্যন্ত দুঃখজনক। সে কারণেই এই অনুমতি দেওয়া হলো। তবে, তিনি জানিয়েছেন মিছিলে সর্বাধিক তিন হাজার জন উপস্থিত থাকতে পারবেন এবং মিছিলের রুট ঠিক করবে পুলিশ। বেলা ২-টো থেকে ৫-টার মধ্যে মিছিল সম্পন্ন করতে বলা হয়েছে বলে সংগঠনের পক্ষে আইনজীবী কৌস্তব বাগচি জানিয়েছেন।

(বাইট – কৌস্তব)

উল্লেখ্য, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ওই মিছিলে উপস্থিত থাকার কথা।

আগামী রবিবার ৫-ই অক্টোবর রেডরোডে পুজো কার্নিভালের দিন এই সমাবেশ ও মিছিলের জন্য সংগঠনের পক্ষ থেকে পুলিশের অনুমতি চেয়ে আবেদন করা হয়। সেই অনুমতি না মেলায় তারা হাইকোর্টের দ্বারস্থ হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রাথমিকে ১৩ হাজার ৪২১ টি শূন্যপদে নিয়োগের প্রক্রিয়ায় অংশগ্রহণ করার অনুমতি চেয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন ২০১৭ ও ২০২২ সালের টেট অনুতীর্ণ কয়েকশো প্রার্থী। বিচারপতি বিশ্বরুপ চৌধুরী এই মামলা গ্রহণ করেছেন ।তবে মামলার শুনানি হবে আগামী বৃহস্পতিবার ৯ অক্টোবর বিচারপতি ওম নারায়ণ রাইয়ের অবকাশকালীন বেঞ্চে।

চাকরিপ্রার্থীদের পক্ষে আইনজীবী আলি আহসান আলমগীর জানিয়েছেন যে বিচারপতি বিশ্বরুপ চৌধুরী ২০২২ সালের টেট পরীক্ষার্থীদের আবেদন গ্রহণ করেছেন। দুশোজনের বেশি মামলাকারী এই আবেদন জানিয়েছেন।

অন্যদিকে ২০১৭ সালের প্রার্থীদের মামলার আবেদনপত্র (পিটিশন কপি) তৈরির কাজ চলছে। সেখানেও কয়েকশো প্রার্থী রয়েছেন। তারাও এই মামলায় যুক্ত হতে চলেছে। মামলাকারীদের আর্জি, ২০২৫ সালের প্রাথমিক শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে দেওয়া হোক। তাদের অথবা এই মামলার কি ফলাফল হয় তার উপর চলতি নিয়োগ প্রক্রিয়ার ভবিষ্যৎ নির্ভর করবে বলে আদালত নির্দেশ দিক ।কারন কলকাতা হাইকোর্ট কমিটি তৈরি করে ২০১৭ এবং ২০২২ সালের মোট ৪৭ টি প্রশ্নের উত্তর নির্দিষ্ট সময়ের মধ্যে ঠিক ভুল নির্ধারণ করে রিপোর্ট দিতে নির্দেশ দিলেও তা এখনো করা হয়নি।সেই দায় প্রাথমিক শিক্ষা পর্ষদের। তার জন্য কেন প্রার্থীরা ভুগবে – সেই প্রশ্নও তুলেছেন তাঁরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উৎসবের মরশুমে অনেকেই অনলাইন কেনাকাটা করে থাকেন। পণ্য পরিষেবা কর কাঠামোয় পরিবর্তনের ফলে এবার এই কেনাকাটা অনেক বেড়েছে। ই কমার্স সাইট গুলো এমনিতেই বিভিন্ন ছাড় দিয়ে থাকে তার ওপর gst ছাড়ে কেনাকাটা করতে সুবিধা হয়েছে বলে ৩০ বছর বয়সী হিরন্ময় দাস জানালেন।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মালদার গাজলে একলাখী গান্ধী মোড়ের পুজোয় মা-দুর্গার গয়না চুরির ঘটনায় দুই সিভিক ভলান্টিয়ার সহ তিনজনকে পুলিশ গ্রেফতার করেছে। সঞ্জয় মন্ডল ও গৌর মন্ডল নামে গাজল থানার দুই সিভিক ভলান্টিয়ার স্থানীয় বাসিন্দা অধীর মন্ডলের

সাহায্যে এই গয়না চুরি করে। সিসিটিভি ফুটেজে ঘটনার দৃশ্য ধরা পড়তেই পুলিশ তাদের গ্রেফতার করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বঙ্গোপসাগরে সৃষ্ট অতি গভীর নিম্নচাপটি ক্রমশ শক্তি হারিয়ে গভীর নিম্নচাপে পরিণত হয়েছে । আগামী ২৪ ঘন্টায় ধীরে ধীরে তা আরও দুর্বল হয়ে সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হবে। আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন এটি এখন ওড়িশার সম্বলপুরের কাছে অবস্থান করছে । ক্রমশ তা উত্তর উত্তর পশ্চিমে অগ্রসর হয়ে ছত্তিশগড়ের দিকে চলে যাবে ।এর ফলে দক্ষিণবঙ্গের বৃষ্টির পরিমাণ কিছুটা কমলেও আজ থেকে উত্তরবঙ্গে বাড়তে চলেছে বৃষ্টির পরিমাণ।

( বাইট )

মৎস্যজীবীদের আগামী ২৪ ঘন্টা সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০